গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৭৯.১৭.৯২১ তারিখ: ৩ আশ্বিন ১৪২৫
১৮ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: **মুক্তিযোদ্ধা রমা চৌধুরীর মৃত্যুতে শোকপ্রস্তাব।**
সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং- ০৪.০০.০০০০.৪২১.৬২.০০১.১৮.২৮৩, ১২ সেপ্টেম্বর ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে মুক্তিযোদ্ধা রমা চৌধুরী'র মৃত্যুতে মন্ত্রিসভার ২৬ ভাদ্র ১৪২৫/১০ সেপ্টেম্বর ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত শোক প্রস্তাব বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। উক্ত গেজেট সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।

১৮-৯-২০১৮
কাউসার নাসরীন
উপসচিব
ফোন: ৯৫৪৯১৩০
ইমেইল: sas_admin1@moedu.gov.bd

বিতরণ :
১) চেয়ারম্যান,, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
২) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
৩) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
৪) ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।
৫) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৬) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
৭) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী, ঢাকা।
৯) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
১০) সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, ঢাকা।
১১) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
১২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

ঢাকা/কুমিল্লা/রাজশাহী/যশোর/ময়মনসিংহ/সিলেট/বরিশাল/চট্রগ্রাম/দিনাজপুর।
১৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪) সদস্য-সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক
কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ঢাকা।
১৫) সদস্য-সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক
কর্মচারী কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৭৯.১৭.৯২১/১(২)

তারিখ: ৩ আশ্বিন ১৪২৫
১৮ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) উপসচিব, সরকার গঠন ও রাষ্ট্রাচার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



১৮-৯-২০১৮
কাউসার নাসরীন
উপসচিব

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, সেপ্টেম্বর ১১, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৭ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/১১ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৮.২৮১—মুক্তিযোদ্ধা রমা চৌধুরী গত ০৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮২ বছর।

২। রমা চৌধুরীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২৬ ভাদ্র ১৪২৫/ ১০ সেপ্টেম্বর ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব



মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

ঢাকা: ২৬ ভাদ্র ১৪২৫ / ১০ সেপ্টেম্বর ২০১৮

মুক্তিযোদ্ধা রমা চৌধুরী গত ০৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮২ বছর।

রমা চৌধুরী ১৯৩৬ সালে চট্টগ্রামের বোয়ালখালী উপজেলায় জন্মগ্রহণ করেন। ষাটের দশকে যখন এ দেশে নারীদের জন্য উচ্চশিক্ষা গ্রহণ সহজসাধ্য ছিল না তখন রমা চৌধুরী ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাংলা সাহিত্যে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেছিলেন।

রমা চৌধুরী পেশা হিসাবে বেছে নিয়েছিলেন শিক্ষকতাকে। তিনি ১৯৬২ সালে কক্সবাজার বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা হিসাবে কর্মজীবন শুরু করেন। দীর্ঘ ১৬ বছর তিনি বিভিন্ন উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষিকার দায়িত্ব পালন করেন।

মুক্তিযুদ্ধের সময় বোয়ালখালীর গ্রামের বাড়িতে অবস্থানকালে রমা চৌধুরী একাত্তরের ১৩ মে পাকিস্তানি হানাদার বাহিনী কর্তৃক মা ও দুই শিশু পুত্রের সম্মুখে পাশবিক নির্যাতনের শিকার হন। এমনকি লুটপাটের পর পুড়িয়ে দেওয়া হয় তাঁর বাড়ি। সহায়সম্বলহীন হয়ে পড়েন তিনি। পরে এলাকাবাসীরা কেউ কেউ সাহায্য করলেও নিকটজনেরা মুখ ফিরিয়ে নেন। অনাহারে-অর্ধাহারে ও তীব্র শীতের প্রকোপে অসুস্থ হয়ে পড়ে তাঁর দুই শিশু পুত্র। দেশ স্বাধীনের অল্প কিছুদিন পরেই তারা মারা যায়। সন্তানদের দাহ করার পরিবর্তে সমাহিত করা হয়। যে মাটিতে তাঁর সন্তানেরা শুয়ে আছে সে মাটিতে তিনি আমৃত্যু পাদুকা পরে চলাফেরা করেননি।

রমা চৌধুরী ব্যক্তিজীবনে ছিলেন অত্যন্ত সহজ-সরল জীবন-যাপনে অভ্যস্ত একজন মানুষ। মুক্তিযোদ্ধা খেতাব, ভাতা বা কোন সাহায্য নেননি তিনি। নিজের সৃষ্টিশীলতাকে অবলম্বন করে তিনি বাঁচতে চেয়েছেন সম্মানের সঙ্গে। নিজের লেখা বই প্রকাশ করে তা ফেরি করে বিক্রি করে জীবিকা নির্বাহ করতেন। রমা চৌধুরী প্রবন্ধ, উপন্যাস ও কবিতাসহ মোট ১৯টি গ্রন্থ প্রকাশ করেছেন। তাঁর গ্রন্থসমূহের মধ্যে - 'একাত্তরের জননী', 'স্মৃতির বেদন অশ্রু ঝরায়', 'এক হাজার একদিন যাপনের পদ্য', 'ভাব বৈচিত্র্যে রবীন্দ্রনাথ' এবং 'সেই সময়ের ঢাকা বিশ্ববিদ্যালয়' ইত্যাদি উল্লেখযোগ্য। একজন নারী হিসাবে রমা চৌধুরী মুক্তিযুদ্ধের বিভিন্ন ঘটনার বিবরণ লেখনীর মাধ্যমে জনসমক্ষে তুলে ধরার ক্ষেত্রে সাহসী ভূমিকা রেখেছেন। যুদ্ধকালীন নির্যাতনের অভিজ্ঞতা ও দুই পুত্র হারানোর মর্মস্পর্শী নিদারুণ কষ্টের কথা নিয়ে লিখিত তাঁর 'একাত্তরের জননী' সর্বমহলে সমাদৃত হয়।

রমা চৌধুরী ছিলেন মহান মুক্তিযুদ্ধের চেতনার প্রশ্নে আপসহীন ও দৃঢ়চেতা। এই মহীয়সী নারী দেশের জন্য যে ত্যাগ স্বীকার করেছেন তা বিরল। তাঁর সংগ্রামী জীবন প্রজন্ম থেকে প্রজন্মান্তরে আলোকবর্তিকা হয়ে থাকবে।

রমা চৌধুরীর মৃত্যুতে দেশ একজন বরেণ্য লেখিকা ও মহান মুক্তিযোদ্ধাকে হারাল।

মন্ত্রিসভা রমা চৌধুরীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ এবং তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করছে। মন্ত্রিসভা তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতিও গভীর সমবেদনা জানাচ্ছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd